

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০- ২৫২

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৭
২৯ এপ্রিল ২০২০

বিষয়: কারাগারের ফোন বুথে ব্যবহৃত মোবাইল নম্বর সমূহ ও প্রিজনার্স ক্যাশ (পিসি) এর অর্থ মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রহণের জন্য ব্যবহৃত নগদ/bkash নম্বর সমূহের তালিকা নিয়মিত প্রেরণ প্রসঙ্গে।

বরাত: (ক) কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর স্মারক ২২৬ তারিখ: ১৯/০৪/২০২০
(খ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০-২৪৯(১০২) তারিখ: ২০/০৪/২০২০
(গ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০-২৫০ তারিখ: ২০/০৪/২০২০
(ঘ) কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০৪৪.২০২০-২৪৬ তারিখ: ০৮/০৪/২০২০

দেশের কারাগারসমূহে ফোন বুথে ব্যবহৃত সকল মোবাইল নম্বর এবং প্রিজনার্স ক্যাশ (পিসি) এর অর্থ মোবাইল ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রহণের জন্য ব্যবহৃত সকল মোবাইল নম্বর আপনার বিভাগস্থ কারাগার থেকে নিম্নোক্ত 'ছক-ক' এবং 'ছক-খ' মোতাবেক সংগ্রহ করতঃ একিভূত তালিকার স্বাক্ষরিত স্ক্যান কপি আবশ্যিকভাবে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত প্রতিমাসের ১৫ ও ৩০ তারিখে ই-মেইল (addl.ig@prison.gov.bd, prison.bd.ict@gmail.com, ocpiu.hq@gmail.com, prison.bd.statistics@gmail.com, prison.establishment1.bd@gmail.com, prison_dte@yahoo.com) যোগে নিয়মিত কারা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলোঃ


'ছক-ক'

ক্রঃ নং	কারাগারের নাম	ফোন বুথে ব্যবহৃত মোবাইল নম্বর সমূহ	ব্যবহৃত ফোন নম্বর সমূহ কার নামে রেজিস্ট্রেশনকৃত (পদবি সহ)	সিম কার্ডের ধরণ (নতুন কর্পোরেট/ পুরাতন কর্পোরেট/ বেসরকারি)	ফোন বুথ সচল আছে কিনা? (হ্যাঁ/না)	সরকারের নির্ধারিত শর্ত মোতাবেক ফোন বুথ চালানো হচ্ছে কিনা? (হ্যাঁ/না)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

'ছক-খ'

ক্রঃ নং	কারাগারের নাম	ব্যবহৃত নগদ নম্বর সমূহ	ব্যবহৃত বিকাশ নম্বর সমূহ (যদি থাকে)	নগদ/বিকাশ নম্বরসমূহ কার নামে রেজিস্ট্রেশনকৃত (পদবি সহ)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

উল্লেখ্য, ফোন বুথে নির্ধারিত ফোন নম্বর ব্যতীত অন্য কোনো নম্বর ব্যবহার করা হলে এবং নির্ধারিত নগদ/বিকাশ নম্বর ব্যতীত অন্য কোনো নম্বরে প্রিজনার্স ক্যাশ (পিসি) এর অর্থ গ্রহণ করা হলে অথবা পিসি-র অর্থ ব্যতীত অন্য কোন অর্থ আদান-প্রদান করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট বিভাগের কারা উপ-মহাপরিদর্শকগণ নিবিড় তদারকির মাধ্যমে এতদসংক্রান্ত সার্বিক কর্মকান্ডের স্বচ্ছতা নিশ্চিত করবেন।


তারিখ: ১৬/৪/২০
মোহাম্মদ তোহিদুল ইসলাম
কারা উপ-মহাপরিদর্শক (সদর দপ্তর, অঃ দাঃ)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq@prison.gov.bd

কারাউপ-মহাপরিদর্শক
সকল বিভাগ
সকল সদর দপ্তর (ই-মেইল যোগে)

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সিনিয়র জেল সুপার/জেল সুপার সকল কেন্দ্রীয়/জেলা কারাগার; (ই-মেইল যোগে); এতদসংক্রান্ত বিষয়ে স্বঃস্বঃ বিভাগীয় কারা উপ মহাপরিদর্শক এর দপ্তরে প্রেরিত পত্রের অনুলিপি কারা অধিদপ্তরে প্রেরণ নিরুৎসাহিত করা হলো।
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা;
৩. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; (বিবেচ্য পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৬. প্রশাসনিক কর্মকর্তা-১/২/বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য;